

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর (পিআইডি)



আঞ্চলিক তথ্য অফিস, ময়মনসিংহ



সংবাদকক্ষ ঃ ০২-৯৯৬৬৬১৩৭০ E-mail- pidmymensingh@gmail.com, Facebook: Pid Mymensingh

তথ্যবিবরণী

নম্বর:৬৫

ময়মনসিংহে 'বিশ্ব তামাকমুক্ত দিবস' উপলক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত

ময়মনসিংহ, ৩১ মে, ২০২৩

৩১ মে 'বিশ্ব তামাকমুক্ত দিবস' উপলক্ষে ময়মনসিংহ বিভাগীয় কমিশনার কার্যালয়ের আয়োজনে আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। 'তামাক নয়, খাদ্য ফলন' এই প্রতিপাদ্য বিষয়কে সামনে রেখে বিভাগীয় কমিশনার কার্যালয়ের সম্মেলন কক্ষে এ আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

দেশের বিদ্যমান অগ্রযাত্রা ও প্রধানমন্ত্রীর নির্দেশ অনুযায়ী ২০৪০ সালের মধ্যে তামাকমুক্ত দেশ গড়ার লক্ষ্যে বিভিন্ন কার্যক্রম বিষয়ে আলোচনায় করা হয়। এছাড়াও তামাক চাষীদের এ চাষে নিরুৎসাহিত করে খাদ্য চাষে উৎসাহিত করার ব্যাপারে গুরুত্ব দেওয়া হয়। লাইসেন্সধারী দোকানে সিগারেট বিক্রি ও ১৮ বছরের নিচে শিশু কিশোরদের কাছে সিগারেট বিক্রির ব্যাপারে আইনী ব্যবস্থা নেয়ার আহ্বান জানানো হয়।

আলোচনায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বক্তৃতা প্রদান করেন ময়মনসিংহ বিভাগীয় কমিশনার মো. শফিকুর রেজা বিশ্বাস। তিনি তার বক্তব্যে তামাকের বিভিন্ন ক্ষতিকর দিক উল্লেখ করে সবাইকে তামাক থেকে বিরত হওয়ার আহ্বান জানান। এছাড়াও তামাক ও ধুমপান এড়াতে মানসিক শক্তি বৃদ্ধিতে গুরুত্ব দেন।

প্রধান অতিথি আরো বলেন যে, শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থী ও নতুন প্রজন্মকে তামাক ও ধুমপান বিষয়ে নিরুৎসাহিত করা এবং তামাককে মাদক আইনে অন্তর্ভুক্ত করা অত্যন্ত জরুরি।

অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে ময়মনসিংহ রেঞ্জ ডিআইজি দেবদাস ভট্টাচার্য, অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক) মোহাম্মদ আনোয়ার হোসেন, স্থানীয় সরকার বিভাগের পরিচালক ফরিদ আহমদ, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের উপপরিচালক খোরশেদ আলম প্রমুখ তামাক বিরোধী বক্তব্য রাখেন।

এর আগে সকালে ময়মনসিংহ বিভাগীয় কমিশনার কার্যালয়ের সামনে থেকে 'বিশ্ব তামাকমুক্ত দিবস' উপলক্ষে র্যালির আয়োজন করা হয়।

#

রেজভী/দেওয়ান/ফয়সাল/মনির/রিদওয়ান/সজিব/২০২৩/১২.৩০ ঘণ্টা